

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি বিপণন অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট  
ঢাকা-১২১৫।  
[www.dam.gov.bd](http://www.dam.gov.bd)

স্মারক নং-১২.০২.০০০০.০০৭.১৮.০০৫.১২-৭৩

তারিখঃ ২০/১০/২০২০খিঃ


### প্রেস বিজ্ঞপ্তি

#### আলুর কোল্ড স্টোরেজ, পাইকারী এবং খুচরা পর্যায়ে মূল্য পুনঃনির্ধারণ সংক্রান্ত।

বাজারে আলুর দাম অস্বাভাবিক বৃদ্ধি পাওয়ায় ০৭/১০/২০২০খিঃ তারিখে কৃষি বিপণন অধিদপ্তর থেকে কোল্ড স্টোরেজ পর্যায়ে প্রতি কেজি আলু ২৩ টাকা, পাইকারি পর্যায়ে প্রতি কেজি ২৫ টাকা এবং খুচরা পর্যায়ে প্রতি কেজি ৩০ টাকা নির্ধারণ করা হয়েছিল। কৃষি বিপণন অধিদপ্তরের জেলা কর্মকর্তাসহ সরকারের অন্যান্য সংস্থাকে সাথে নিয়ে সকল জেলা প্রশাসন আলুর বাজার স্থিতিশীল করতে মনিটরিং ও নজরদারি কার্যক্রম অব্যাহত রেখেছেন যা অত্যন্ত প্রশংসনীয়।

আলুর বাজার স্থিতিশীল রাখতে অদ্য ২০/১০/২০২০খিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় কৃষি বিপণন অধিদপ্তরে আয়োজিত মতবিনিময় সভায় আলুর দাম পুনঃনির্ধারণের সুপারিশ করা হয়। কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোহাম্মদ ইউসুফ (অতিরিক্ত সচিব)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন এবং জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ। এছাড়াও বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশনের প্রেসিডেন্ট, এসোসিয়েশনের অন্যান্য সদস্য, কাওরান বাজার এবং শ্যামবাজারের আলুর পাইকার ও আড়তদারগণ সভায় উপস্থিত ছিলেন। সভায় সার্বিক পরিস্থিতি বিবেচনায় কৃষি মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে এবং কৃষি বিপণন আইন-২০১৮-এর ধারা-৪(ক) অনুযায়ী আলুর দাম কোল্ড স্টোরেজ পর্যায়ে প্রতি কেজি ২৭ টাকা, পাইকারি পর্যায়ে প্রতি কেজি ৩০ টাকা এবং খুচরা পর্যায়ে প্রতি কেজি ৩৫ টাকা পুনঃনির্ধারণ করা হয়।

উল্লিখিত নির্ধারিত মূল্যে কোল্ড স্টোরেজ, পাইকারী এবং খুচরা পর্যায়ের বিক্রেতাসহ ত্রিপক্ষই যেন আলু বিক্রয় করেন সেজন্য কঠোর মনিটরিং ও নজরদারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসনকে অনুরোধ করা হয়।

  
২০/১০/২০২০খিঃ  
(মোহাম্মদ ইউসুফ)

মহাপরিচালক

ফোনঃ ০২-৯১১৪৩১০

ই-মেইলঃ [dg@dam.gov.bd](mailto:dg@dam.gov.bd)

#### বিতরণঃ

বার্তা প্রধান/বার্তা সম্পাদক

প্রিন্ট/ইলেক্ট্রনিক মিডিয়া (সকল)